দৈনিক
ইনকিলাব

তারিখ ..... 16. JUN. 2010
পৃষ্ঠা ... [illegible] কলাম ... ৫ .....

# প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র পরিষদের নির্বাচন

নিজস্ব বার্তা পরিবেশক

দেশের প্রথমবারের মতো সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র পরিষদের (স্টুডেন্ট কাউন্সিল) নির্বাচন গতকাল অনুষ্ঠিত হয়েছে। দেশের বিভিন্ন স্থানে ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। প্রাথমিক পর্যায়ে পরীক্ষামূলকভাবে ২০টি উপজেলার বাছাই করা ১০০টি শিক্ষা প্রতিষ্ঠানে এ ছাত্র পরিষদ গঠনে নির্বাচনের উদ্যোগ নেয়া হয়েছে। খুদে শিক্ষার্থীদের মধ্যে গণতন্ত্র চর্চার অভ্যাস গড়ে তোলা, পরমত সহিষ্ণুতা এবং শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নে শিক্ষার্থীদের সম্পৃক্ত করার উদ্যোগ হিসেবে ছাত্র পরিষদ গঠন ও নির্বাচনের উদ্যোগ নেয়া হয়েছে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব আবু আলম মো. শহিদ খান বলেছেন, দেশে এখন ছাত্র সংসদগুলো অকার্যকর। আমরা শিশুদের এ সংস্কৃতি থেকে বের করে আনতে এ উদ্যোগ নিয়েছি। নির্বাচন : পৃষ্ঠা : ৯ ক : ৭

## নির্বাচন : ছাত্র

(১ম পৃষ্ঠার পর)

শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক (প্রশাসন) মো. ফসিউল্লাহ বলেছেন, খুদে শিশুরাই নির্বাচন কমিশনার, ভোটার, পোলিং এজেন্ট, প্রিজাইডিং অফিসার ছিল। সবকিছু মিলে এক অপার্থিব পরিবেশের সৃষ্টি হয়েছে। গতকাল নির্বাচনের মাধ্যমে ৬০৩ জন প্রতিনিধি নির্বাচিত হয়েছে। কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। আগামী ৭ দিনের মধ্যে নির্বাচিত প্রতিনিধিদের সভায় বসে ৭টি দপ্তর বণ্টন করার জন্য নির্দেশনা দেয়া হবে।